MINISTRY OF MANPOWER

# CONNECT with ACE

প্রবাসী শ্রমিকদের জন্য একটি মাসিক e-সংবাদপত্র






মে 2022

**এই সংখ্যায়:**

- মূল ঘোষণা
- হিট স্ট্রোক থেকে নিজেকে রক্ষা করার পরামর্শ
- ঈদুল ফিত্‌র এবং ভেসাক দিবস উদযাপন

# মূল ঘোষণা






## ACE গ্রুপের সামাজিক মিডিয়া চ্যানেলের সূচনা

- খবর এবং সাম্প্রতিক তথ্যের জন্য আমাদের Facebook পৃষ্ঠা এবং TikTok অ্যাকাউন্ট লাইক করুন এবং অনুসরণ করুন!

go.gov.sg/ace-facebook go.gov.sg/ace-tiktok

## লিটল ইন্ডিয়ার মসজিদে প্রবাসী শ্রমিকদের আইনগত ক্লিনিকের (MWLC) সূচনা

- ক্লিনিকটি সমস্ত প্রবাসী শ্রমিকদের জন্য উন্মুক্ত থাকবে এবং অনুবাদের আয়োজনও করা হবে।
- বেতন সংক্রান্ত মতানৈক্য, কাজের আঘাতজনিত সমস্যার বিষয়ে আপনার যদি আইনগত পরামর্শের প্রয়োজন হয়, তাহলে আপনি প্রতি মাসের দ্বিতীয় এবং চতুর্থ রবিবারে সেখানে যেতে পারেন, অথবা পরামর্শের জন্য http://tinyurl.com/RegisterMWLC -তে অনলাইনে আবেদন করতে পারেন।




## POSB Jolly এখন থেকে আর পাওয়া যাবে না

একটি সহজ ব্যাংকিং-এর অব্যাহত অভিজ্ঞতার জন্য যত তাড়াতাড়ি সম্ভব POSB ডিজি-ব্যাংক ব্যবহার করতে শুরু করুন। কিভাবে POSB ডিজি-ব্যাংক ডাউন-লোড, নিবন্ধন এবং ব্যবহার করতে হয় সে সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে নিম্নলিখিত পৃষ্ঠাগুলিতে যান:

- ইংরেজি: https://go.posb.com.sg/rg
- তামিল: https://go.posb.com.sg/rg-tr
- বাংলা: https://go.posb.com.sg/rg-bn
- ম্যান্ডারিন: https://go.posb.com.sg/rg-zh
- তাগালগ: https://go.posb.com.sg/rg-tl
- বার্মিজ: https://go.posb.com.sg/rg-my
- ইন্দোনেশিয়ান ভাষায়: https://go.posb.com.sg/rg-ms

# হিট স্ট্রোক থেকে নিজেকে রক্ষা করুন!



প্রখর সূর্যের তাপে দীর্ঘক্ষণ কাজ করলে হিট স্ট্রোক হতে পারে।

এখানে হিট স্ট্রোক প্রতিরোধের কিছু পরামর্শ রয়েছে।

প্রচুর পানি পান করুন। প্রতি ১৫-২০ মিনিটে কমপক্ষে এক গ্লাস (২৫০ মিলি), তা ছাড়াও যখনই তৃষ্ণা নিবারণের প্রয়োজন হয়।

একজন সঙ্গীর সাথে কাজ করুন এবং মাথাব্যথা, বমি বমি ভাব এবং অজ্ঞান হওয়ার মতো হিট স্ট্রোকের প্রাথমিক লক্ষণগুলির প্রতি খেয়াল রাখুন।

বাইরে যাবার সময় ঢিলেঢালা ও হালকা রঙের পোশাক পরবেন এবং যখনই সম্ভব ছায়ার নিচে কাজ করবেন।

**আপনি যদি অসুস্থ হয়ে পরেন, অবিলম্বে আপনার সুপারভাইজারকে জানিয়ে দিন এবং একজন ডাক্তার দেখান।**

## আমাদের প্রবাসী শ্রমিকদের জন্য একটি সংবাদ



ইনি হচ্ছেন সোহেল মাজি, বাংলাদেশ থেকে আসা আমাদের প্রবাসী শ্রমিক বন্ধু। বেশিরভাগ সময় নাইট শিফটে কাজ করা সত্ত্বেও, সোহেল ৬ মাস ধরে 24asia থেকে গ্রাফিক ডিজাইন শেখার জন্য সময় আলাদা করে রেখেছেন। তখন থেকে, গ্রাফিক ডিজাইনে তার আগ্রহে জন্মেছে এবং তিনি তার অবসর সময়ে পোস্টার তৈরি করছেন।

"আমি গ্রাফিক ডিজাইন খুবই পছন্দ করি। আমি আরও শিখতে চাই এবং পুরোপুরি ভাবে একজন পেশাদার গ্রাফিক ডিজাইনার হয়ে উঠতে চাই," তিনি বলেছেন।

24asia-এর প্রতিষ্ঠাতা নাজমুল খান বলেন, "সোহেল একজন আগ্রহী শিক্ষার্থী এবং বেশ দ্রুত শিখার ক্ষমতা রয়েছে তার"। তিনি বিশ্বাস করেন যে সোহেলের মতো প্রত্যেকেরই আরও ভাল এবং উন্নতি করার সম্ভাবনা রয়েছে। গত ২.৫ বছরে, 24asia ১০০০ জনেরও বেশি প্রবাসী শ্রমিকের ২৪টি ব্যাচকে বিনামূল্যে প্রশিক্ষণ দিয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত উপকৃত শ্রমিকদের একজন হিসাবে সোহেল, প্রবাসী শ্রমিকদের একটি নতুন দক্ষতা বেছে নিতে উৎসাহিত করতে চান, কেননা এখানে সুযোগ রয়েছে এবং সহায়তাও পাওয়া যাচ্ছে।

সোহেলের ডিজাইন করা পোস্টার সমূহ



***আপনার সিঙ্গাপুরের জীবন সম্পর্কে শেয়ার করার মত কোন একটি আকর্ষণীয় গল্প আছে কি? এই লিঙ্কে ক্লিক করে আমাদের জানান***

# উল্লেখযোগ্য ঘটনা





## তুয়াস সাউথ RC-তে (TSRC) ঈদুল ফিত্‌র উদযাপন

৩ মে ২০২২ তারিখে, ৭০০০ জনেরও বেশি প্রবাসী শ্রমিক TSRC-এ ঈদুল ফিত্‌র উদযাপন করেছেন। মুসলিম ইমাম-গণ সকাল বেলা ঈদের নামাজ পরিয়েছেন এবং প্রবাসী শ্রমিকদের জন্য জলখাবার এবং দুপুরের খাবারের ব্যবস্থা করা হয়েছে।

এই উদ্যোগটিকে সফল করার জন্য অ্যালায়েন্স অফ গেস্ট ওয়ার্কার্স আউটরিচকে (AGWO) অনেক অনেক ধন্যবাদ!

## ভেসাক দিবস উদযাপনের অংশ হিসাবে মন্দির পরিভ্রমণ

সিঙ্গাপুর সিনহালা বৌদ্ধ সোসাইটি এবং হিন্দু এনডাউমেন্ট বোর্ডের সহযোগিতায়, মহা করুণা বৌদ্ধ সোসাইটি ক্ল্যাভোনে ১৭০ জনেরও বেশি প্রবাসী শ্রমিককে কেয়ার প্যাক এবং খাদ্য সামগ্রী বিতরণ করেছে। সেই দিন সন্ধ্যা বেলাতেই, ৩৭ জন প্রবাসী শ্রমিককে একটি অনুষ্ঠান প্রদর্শন, রাতের খাবার এবং পরিভ্রমণের জন্য শ্রী লঙ্কারমায়া বৌদ্ধ মন্দিরে আমন্ত্রণ জানানো হয়েছিল। আমন্ত্রণটি আমাদের প্রবাসী শ্রমিকগণ সাদরে গ্রহণ করেছিলেন। তাদের প্রত্যেককে একটি করে নিরামিষ লাঞ্চ ব্যাগ এবং গুডি ব্যাগ দেওয়া হয়েছিল।



এই উদ্যোগটির আয়োজনে সহযোগিতা করার জন্য সিঙ্গাপুর সিনহালা বৌদ্ধ সমিতি, মহা করুণা বৌদ্ধ সোসাইটি এবং হিন্দু এনডাউমেন্ট বোর্ডকে ধন্যবাদ!

## সুঙ্গেই টেঙ্গাহ লজে (STL) শ্রমিক দিবসের অনুষ্ঠান

দড়ি টানাটানির প্রতিযোগিতা, মুষ্টি যুদ্ধ, এবং একটি ফুটবল টুর্নামেন্টের মতো কার্যকলাপে অংশ নিতে STL-এ শ্রম দিবসের অনুষ্ঠানে প্রায় ৫০০০ প্রবাসী শ্রমিক অংশগ্রহণ করেছিলেন।

এই উদ্যোগটি কার্যকর করার জন্য সুঙ্গেই টেঙ্গাহ লজের টিমকে ধন্যবাদ!





আপনি অংশ নিতে পারেন এমন বিভিন্ন **শারীরিক এবং অনলাইন কার্যকলাপ** সম্পর্কে আরও জানতে এখানে QR কোড স্ক্যান করুন

*সর্বশেষ খবর এবং আপডেট পেতে আমাদের নিতস্ব চ্যানেলগুলিতে আমাদের অনুসরণ করুন!*

[ACE গ্রুপের ফেসবুক পৃষ্ঠা]

[ACE গ্রুপের TikTok চ্যানেল]

[MOM-এর ইউটিউব চ্যানেল]